**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 28-03-2026** **Desk in Charge : SDG**

**Time:- 1.40 PM** **Edit. & Compile: Suvra C.**

**DEO: KB** **NRT : Suvra C.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১। পশ্চিমবঙ্গে SIR প্রক্রিয়ার বিচারাধীন নামের দ্বিতীয় তালিকা প্রকাশিত হয়েছে।

২। আসন্ন বিধানসভা নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে প্রবীণ বিজেপি নেতা অমিত শাহ নিউটাউনে তৃণমূল সরকারের বিরুদ্ধে জনগণের চার্জশীট কর্মসূচীতে বক্তব্য রাখছেন।

৩। মুর্শিদাবাদের জঙ্গিপুরে গতকাল রামনবমীর শোভাযাত্রাকে ঘিরে সংঘর্ষের ঘটনায় গ্রেপ্তারের সংখ্যা বেড়ে হয়েছে তিরিশ।

৪। বিধানসভা ভোটের আগে রাজ্যের বেশ কিছু এলাকা থেকে হিংসা ও অশান্তির ঘটনা সামনে আসায় নির্বাচন কমিশন রাজ্যের পুলিশ প্রশাসনের উপর নজরদারি আরও কঠোর করছে।

৫। গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের ওপর ঘূর্ণাবর্ত এবং অনুকূল বায়ুপ্রবাহের কারণে আজও রাজ্যের সব জেলাতেই কমবেশি ঝড়-বৃষ্টি সম্ভাবনা।

*************************************************************************

পশ্চিমবঙ্গে SIR প্রক্রিয়ার বিচারাধীন নামের দ্বিতীয় তালিকা প্রকাশিত হয়েছে। নির্বাচন কমিশন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের ওয়েবসাইট, ইসিআই নেট অ্যাপ থেকে এপিক নম্বর দিয়ে ভোটাররা তালিকায় নিজেদের নাম খুঁজতে পারবেন বলে নির্বাচন কমিশনের তরফে জানানো হয়েছে। তবে প্রথম সাপ্লিমেন্টারি তালিকার মত দ্বিতীয় সাপ্লিমেন্টারি তালিকায় কত নাম স্থান পেয়েছে বা বাদ পড়ল তা নিয়ে নির্দিষ্ট কোনও তথ্য প্রকাশ্যে আনেনি নির্বাচন কমিশন।

যদিও এপর্যন্ত ৩৭ লক্ষ নামের নিষ্পত্তি হয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের তরফে জানানো হয়।যাঁদের নাম তালিকা থেকে বাদ গিয়েছে, তাঁদের আতঙ্কিত না হওয়ার পরামর্শ দিয়েছে কমিশন। প্রতিকারের জন্য ২৩টি জেলার জন্য মোট ১৯টি ট্রাইব্যুনাল গঠন করা হয়েছে। প্রতিটি ট্রাইব্যুনালের মাথায় থাকছেন এক জন করে অবসরপ্রাপ্ত বিচারপতি।

অনলাইন ও অফলাইন, দুই মাধ্যমেই আবেদন করা যাবে। অফলাইনের ক্ষেত্রে জেলাশাসক, অতিরিক্ত জেলাশাসক বা মহকুমাশাসকের দফতরে আবেদন করা যাবে। অনলাইনের ক্ষেত্রে ইসিআই নেট অ্যাপ বা নির্দিষ্ট ওয়েবসাইট থেকে যথাযোগ্য নথিপত্র দিয়ে আপিল করা সম্ভব।

*****************************

উত্তর ২৪ পরগনার হাসনাবাদে হাবাসপুর ব্রীজ সংলগ্ন এলাকায় দুটি বুথের সাড়ে ৬-শোরও বেশি ভোটারের নাম তালিকা থেকে বাদ যাওয়ার প্রতিবাদে বিক্ষোভে ফেটে পড়েন গ্রামবাসীরা। রাস্তায় টায়ার জ্বালিয়ে পথ অবরোধ শুরু হলে পরিস্থিতি সামাল দিতে ঘটনাস্থলে পৌঁছয় হাসনাবাদ থানার পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী। এবিষেয় দ্রুত পদক্ষেপের আশ্বাস না পেলে আন্দোলন আরও তীব্র হবে বলে জানান বিক্ষোভকারীরা।

এদিকে, কোচবিহার উত্তর বিধানসভা কেন্দ্রে ২০ ও ২১ নম্বর বুথে সাড়ে ৪-শোরও বেশি ভোটারের নাম তালিকা থেকে বাদ পড়ার প্রতিবাদে পুন্ডিবাড়ি- সোনাপুর রাজ্য

সড়ক অবরোধ করে বিক্ষোভে সামিল হয়েছেন এলাকাবাসী। পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী ঘটনাস্থলে পৌঁছেছে।

***************************

বিধানসভা নির্বাচনে পরিযায়ী শ্রমিকরা যাতে ভোট দিতে পারেন, তার জন্য 'বিশেষ ট্রেন' চালুর দাবি জানিয়ে পরিযায়ী শ্রমিক ঐক্য মঞ্চ নির্বাচন কমিশন ও রেল দফতরের কাছে চিঠি পাঠিয়েছে।

আগামী ২৩ ও ২৯ এপ্রিল এরাজ্যে ভোটগ্রহনের সময় , কর্মসূত্রে রাজ্যের বাইরে থাকা শ্রমিকরা ফিরতে চাইলেও , ট্রেনের টিকিট না পাওয়ায় তাঁরা সমস্যার সম্মুখীন হচ্ছেন। বিশেষ ট্রেনের আর্জি জানিয়ে তাঁরা এই চিঠি দিয়েছেন।

***************************

মুর্শিদাবাদের এক পরিযায়ী শ্রমিকের কেরলে কাজ করতে গিয়ে মৃত্যু হয়েছে। আসিক ইকবাল নামে ওই শ্রমিকের বাড়ি জলঙ্গির মধুবোনায়। গত বুধবার কেরলে এক দুর্ঘটনায় মারা যান তিনি।

***************************

আসন্ন বিধানসভা নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে প্রবীণ বিজেপি নেতা স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্, সাংবাদিক বৈঠক করছেন। তিনি বলেন, গোটা দেশের সুরক্ষার ক্ষেত্রে পশ্চিমবঙ্গের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

( বাইট- অমিত শাহ/ প্রেস )

গতরাতে দমদম বিমানবন্দরে স্বরাষ্ট্রমন্ত্রীকে স্বাগত জানান বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার প্রমুখ। নিউটাউনে একটি বে-সরকারী হোটেলে তিনি রাত্রিবাস করেন।

***************************

ভোটের দামামা বেজে ওঠার সঙ্গে সঙ্গে জেলাগুলিতে শুরু হয়েছে প্রস্তুতি। এই নির্বাচনে অন্যতম গুরুত্বপূর্ণ জেলা হল- বাঁকুড়া ।এক নজরে দেখে নেওয়া যাক এই জেলার ভোটচিত্র।

( ভিসি- বাঁকুড়া/ দেবাশিস )

**************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামীকাল আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩২-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

**************************

মুর্শিদাবাদের জঙ্গীপুরে গতকাল, রামনবমীর শোভাযাত্রাকে ঘিরে সংঘর্ষের ঘটনায় গ্রেপ্তারের সংখ্যা বেড়ে হয়েছে- ৩০ । রাস্তাঘাট এখন শুনশান। গাড়ি চলাচল করলেও, পরিস্থিতি থমথমে। চলছে পুলিশ ও কেন্দ্রীয় বাহিনীর টহল।

আগেই জানানো হয়েছে, রঘুনাথগঞ্জে গতকাল রামনবমীর শোভাযাত্রা চলাকালীন দুই জনগোষ্ঠীর মধ্যে সংঘর্ষের ঘটনায় আহত হন বহু ব্যক্তি। চলে দোকানপাট ভাঙচুর, লুটপাট ও অগ্নি সংযোগের মতো ঘটনা। মুর্শিদাবাদে রেঞ্জের DIG অজিত সিং যাদব, জঙ্গীপুর পুলিশ জেলার সুপার সুরিন্দার সিং সহ উচ্চপদস্থ কর্তারা এবং কেন্দ্রীয় বাহিনী, দ্রুত ঘটনাস্থলে যায়। গতকালই গ্রেপ্তার করা হয় ১২ জনকে।

**************************

বিধানসভা ভোটের আগে রাজ্যের বেশ কিছু এলাকা থেকে হিংসা ও অশান্তির ঘটনা সামনে আসার প্রেক্ষিতে নির্বাচন কমিশন রাজ্যের পুলিশ প্রশাসনের উপর নজরদারি আরও কঠোর করছে। মহকুমা পুলিশ আধিকারিক থেকে শুরু করে থানার ওসি—সব স্তরের আধিকারিকদের জন্য কড়া নির্দেশিকা জারি করা হয়েছে।

মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে জারি করা এক নির্দেশে বলা হয়েছে, আগের নির্বাচনের সময় হওয়া অপরাধমূলক মামলাগুলির তদন্ত দ্রুত শেষ করে চার্জশিট জমা দিতে হবে। পাশাপাশি সমস্ত জামিন অযোগ্য গ্রেফতারি পরোয়ানা কার্যকর করা এবং পলাতক অভিযুক্তদের তালিকা তৈরি করে তাঁদের ধরতে বিশেষ উদ্যোগ নেওয়ার কথা বলা হয়েছে।

এছাড়া সম্ভাব্য দুষ্কৃতী, দাগি অপরাধী ও নির্বাচনী হিংসায় জড়িত ব্যক্তিদের চিহ্নিত করে আগাম ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। বিভিন্ন জেলা ও মহকুমার মধ্যে নিয়মিত সমন্বয় বৈঠক করে তথ্য আদানপ্রদান বাড়ানোর উপরও জোর দেওয়া হয়েছে। পৃথক নির্দেশিকায় বলা হয়েছে, নির্বাচনকে কেন্দ্র করে শান্তি বজায় রাখতে সব ধরনের প্রতিরোধমূলক ব্যবস্থা নিতে হবে। রাজনৈতিক কর্মসূচি, মিছিল, সভা—সব ক্ষেত্রেই নিরাপত্তা নিশ্চিত করতে হবে। পাশাপাশি আন্তঃজেলা ও আন্তঃরাজ্য সীমান্তে নাকা চেকিং জোরদার, যানবাহনে তল্লাশি এবং সিসিটিভি নজরদারি চালু রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

অপরাধপ্রবণ এলাকা চিহ্নিত করে সেখানে ২৪ ঘণ্টা টহলদারি চালানো, মাদক বা অবৈধ মদের পাচার রুখতে বিশেষ নজরদারির কথাও বলা হয়েছে। হোটেল, লজ বা ধর্মশালায় নিয়মিত তল্লাশির নির্দেশও দেওয়া হয়েছে।

কমিশন স্পষ্ট করে দিয়েছে, নির্বাচনী দায়িত্বে থাকা সমস্ত আধিকারিক নির্বাচন কমিশনের অধীনস্থ। দায়িত্বে গাফিলতি বা কোনও ধরনের অনিয়ম ধরা পড়লে কড়া শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। নির্বাচনকে অবাধ ও শান্তিপূর্ণ করতে কোনওরকম শৈথিল্য বরদাস্ত করা হবে না বলেই বার্তা দিয়েছে কমিশন।

**************************

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং সংলগ্ন বাংলাদেশের ওপর ঘূর্ণাবর্ত এবং অনুকূল বায়ুপ্রবাহ ও জলীয় বাষ্পের কারণে আজও রাজ্যের প্রায় সব জেলাতেই কমবেশি বৃষ্টির সম্ভাবনা। কোচবিহার, দার্জিলিং এবং জলপাইগুড়ি জেলায় রয়েছে ভারী বৃষ্টির সতর্কতা।

এদিকে, দক্ষিণবঙ্গের বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম, ঝাড়গ্রাম, পূর্ব ও পশ্চিম বর্ধমান, পশ্চিম মেদিনীপুর এবং হুগলি জেলায় রয়েছে কমলা সতর্কতা। পুরুলিয়া, বাঁকুড়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান এবং বীরভূম জেলায় রয়েছে শিলাবৃষ্টির সম্ভাবনাও। দক্ষিণবঙ্গের কলকাতা সহ উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা হাওড়া হুগলি ও নদীয়া জেলায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে।

আলিপুরে আজ সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত গত ২৪ ঘন্টায় প্রায় ১১ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। বৃষ্টির কারণে আজ তাপমাত্রা পারদ অনেকটাই নেমে গেছে। সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২০ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় সাড়ে চার ডিগ্রী কম।

এদিকে, গতরাতে প্রবল ঝড়-বৃষ্টির জন্য দমদমের নেতাজী সুভাষ আন্তর্জাতিক বিমান বন্দরে ৪-টি বিমান নামতে পারেনি। রাত ১-টা ৩-মিনিটের দুবাই থেকে কলকাতাগামী বিমান নামতে না পাড়ায় ঢাকা বিমানবন্দরে ঘুরিয়ে দেওয়া হয়। হায়দ্রাবাদ – কলকাতা রুটের ইন্ডিগোর একটি বিমান রাত ১টা ২২-এ নাগপুরে, এয়ার ইন্ডিয়া এক্সপ্রেসের ব্যাঙ্গালোর – কলকাতাগামী বিমান, লক্ষ্ণৌ-এর চৌধুরী চরণসিং আন্তর্জাতিক বিমান বন্দরে এবং থাই এয়ারওয়েজের রাত ১-টা ৪৭-এর ব্যাঙ্কক - কলকাতাগামী বিমানও ঢাকা আন্তর্জাতিক বিমানবন্দরে ঘুরিয়ে দেওয়া হয়। আগেই জানানো হয়েছে, দিল্লি থেকে আসা স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্-র বিমানও দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে রাত ১২-টা ২৫-এর পরিবর্তে রাত ১.২০-তে অবতরণ করে।

***************************

পশ্চিম মেদিনীপুরের গুড়গুড়িপাল থানার সারেঙ্গাশোল এলাকায় কালবৈশাখীর প্রবল ঝড়ে, চলন্ত পুলিশ ভ্যানের উপর একটি গাছ পড়ে এক পুলিশ কর্মীর মৃত্যু

হয়েছে, আহত  আরো তিন পুলিশ কর্মী। গতকাল রাতে জেলার বিস্তীর্ণ এলাকায় কালবৈশাখী ঝড়ের  সময়, চাঁদরা থেকে গুড়গুড়িপাল থানাগামী দুটি  পুলিশ ভ্যানের একটির ওপর গাছ ভেঙে পড়লে পুলিশ কর্মীরা গাড়ীর ভেতরে আটকে পড়েন। তাদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়ার সময় রাস্তাতেই এক পুলিশ কর্মীর মৃত্যু হয়। এক পুলিশ কর্মীকে গুরুতর আহত অবস্থায় কলকাতায় স্থানান্তর করা হয়েছে। দুইজন পুলিশ কর্মী মেদিনীপুর কলেজ হাসপাতালে ভর্তি । রাতেই জেলা পুলিশ সুপার হাসপাতালে গিয়ে আহত পুলিশ কর্মীদের সঙ্গে কথা বলেন এবং তাদের চিকিৎসার ব্যবস্থা করেন।

***************************

উত্তর দিনাজপুরের সোনাপুর এলাকায় গতকালের প্রবল ঝড়ে বহু গাছ এবং কাঁচা বাড়ি ভেঙে পড়েছে। বিদ্যুতবাহী তার ছিঁড়ে পড়ায় এলাকা বিদ্যুৎহীন। ব্যাপক ক্ষতি হয়েছে ভূট্টা চাষে। ভারী বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত আলু চাষিরা।

********************************************************************